গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# শিল্প মন্ত্রণালয়

## বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)

১১৬(খ), তেজগাঁও শিল্প এলাকা

ঢাকা-১২০৮।

মুজিববর্ষের দর্শন টেকসই শিল্পায়ন

নং ৩৬.০৬.০০০০.০০১.০৭.০১১.১৯(১ম)/৭০৮ — তারিখঃ ০২-০৪-২০২৩ খ্রিস্টাব্দ।

## নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের পত্র নং-৩৬.০০.০০০০.০৬৮.১১.০১০.১৮.২৮, তারিখঃ ০৭-০৩-২০২৩ মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভিত্তিতে বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে বর্ণিত বেতন স্কেল অনুযায়ী সরাসরি জনবল নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (http:/bitac.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| (০১) | সহকারী প্রকৌশলী | | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। | গ্রেড-৯<br>স্কেল ২২০০০-৫৩০৬০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| | ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | ০৪টি | | | |
| | যন্ত্র কৌশল | ০২টি | | | |
| | তড়িৎ কৌশল | ০২টি | | | |
| | মেকাট্রনিক্স | ০২টি | | | |
| | মেটালার্জি | ০১টি | | | |
| (০২) | এ্যাসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | গ্রেড-৯<br>স্কেল ২২০০০-৫৩০৬০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | |
| (০৩) | এ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) কমিশন কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণপূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | গ্রেড-৯<br>স্কেল ২২০০০-৫৩০৬০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | |
| (০৪) | হিসাব রক্ষণ অফিসার | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাব বিজ্ঞান বা ফাইন্যান্স বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা। | গ্রেড-৯<br>স্কেল ২২০০০-৫৩০৬০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | |
| (০৫) | সাব এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার | | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা। | গ্রেড-১০<br>স্কেল ১৬০০০-৩৮৬৪০/= এবং তৎসহ সরকারী নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | |
| | মেকানিক্যাল | ০৪টি | | | |
| | ইলেকট্রিক্যাল | ০৩টি | | | |
| | ইলেকট্রনিক্স | ০২টি | | | |
| | মেকাট্রনিক্স | ০২টি | | | |
| | পাওয়ার | ০১টি | | | |
| | রেফ্রিজারেশন এন্ড এয়ার কন্ডিশন | ০১টি | | | |
| | সিভিল | ০১টি | | | |
| (০৬) | সহকারী গুদাম রক্ষণ কর্মকর্তা | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি বা যন্ত্র প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। | গ্রেড-১১<br>স্কেল ১২৫০০-৩০২৩০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | |
| (০৭) | কম্পিউটার অপারেটর | ০৫টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি<br>(খ) তফসিল-২ অনুযায়ী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে। | গ্রেড-১৩<br>স্কেল ১১০০০-২৬৫৯০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | ময়মনসিংহ জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| (০৮) | নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) বিটাক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর তফসিল-২ ও তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | গ্রেড-১৬<br>টাঃ ৯৩০০-২২৪৯০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | মানিকগঞ্জ, ময়মনসিংহ, পিরোজপুর, চুয়াডাঙ্গা, শেরপুর, চট্টগ্রাম, ফেনী, বগুড়া, রাজশাহী ও নওগাঁ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। অন্যান্য জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| (০৯) | জুনিয়র ড্রাফটসম্যান | ০৪টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল (ভোকেশনাল) সার্টিফিকেট বা Technical Training Certificate (TTC) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। | গ্রেড-১৬<br>টাঃ ৯৩০০-২২৪৯০/= এবং তৎসহ সরকারি নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি। | বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

২. নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ
১০/০৪/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমাঃ
(ক) সাধারণ প্রার্থীদের (বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে অন্যূন ১৮ বছর থেকে সর্বোচ্চ ৩০ বছর। তবে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ তারিখ ২২/০৯/২০২২ পরিপত্র অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর থাকলে উক্ত প্রার্থী আবেদন করার যোগ্য হবেন।
(খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে ১৮-৩২ বছর। বয়স প্রমানের জন্য কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করে বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগ দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের মেয়াদ দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪. বিটাক-এর ওয়েবসাইট (www.bitac.gov.bd) এ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্যাদি প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

৫. জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

৬. আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবী করলে তা গ্রহণ যোগ্য হবে না। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার যথাযথ সনদসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি প্রদর্শন করতে হবে এবং ১ সেট করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

৮. নিয়োগের ক্ষেত্রে সরকারের কোটাসহ বিদ্যমান সকল বিধি-বিধান অনুসরণ করা হবে।

৯. অনলাইন-এ পূরণকৃত বীর মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম ও শারীরিক প্রতিবন্ধী/আনসার ও ভিডিপি কোটায় প্রার্থী তা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

১০. আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১১. অনলাইন ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। প্রার্থীকে অনলাইনে আবেদনপত্রে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩. নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।।

১৪. Online-এ আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ
ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bitac.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

- Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১০.০৪.২০২৩, সকাল ১০.০০ ঘটিকা।
- Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১১.০৫.২০২৩, বিকাল ৫.০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গীন ছবি ( দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্য যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেওয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ১-৪ নং পর্যন্ত ক্রমিকের জন্য ৬০০/- (ছয়শত) টাকা এবং অনলাইন ফি বাবদ ৬৭/- (সাতষট্টি) টাকা অর্থাৎ ৬৬৭ (ছয়শত সাতষট্টি) টাকা (অফেরতযোগ্য), ৫ ক্রমিকের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অর্থাৎ ৫৫৬/- (পাঁচশত ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) এবং ৬ নং ক্রমিকের জন্য ৩০০/- (তিনশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ৩৪/- (চৌত্রিশ) টাকা অর্থাৎ ৩৩৪/- (তিনশত চৌত্রিশ) টাকা (অফেরতযোগ্য) এবং ৭-৯ নং ক্রমিকের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ২৩/- (তেইশ) টাকা অর্থাৎ ২২৩/- (দুইশত তেইশ) টাকা (অফেরতযোগ্য) ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ যে, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: BITAC<space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BITAC ABCDEF

Reply: Applicant's Name. Tk. 667/556/334/223 will be charged as application fee. Your PIN is xxxxxxxxx. To pay fee Type BITAC<space>YES<space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BITAC<space> YES <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: BITAC YES 12345678

Reply: Congratulations Applicant's Name. payment completed successfully for BITAC Application for xxxxxxxxxxxxx user ID is (ABCDEF) and Password (xxxxxxxxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bitac.teletalk.com.bd অথবা বিটাক এর ওয়েবসাইট www.bitac.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID ও Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS প্রদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে BITAC<space>HELP<space>USER<space>User ID& send to 16222
Example: BITAC HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN নম্বর জানা থাকলে BITAC<space>HELP<space>PIN<space> PIN No & send to 16222
Example: BITAC HELP PIN 12345678 & Send to 16222

(ঝ) Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটকের কাস্টমার কেয়ার ১২১ নম্বরে অথবা vas.quary@teletalk.com.bd এ ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০২.০৪.২০২৩

(মোহাম্মদ সাইফুল্লাহ)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালক-এর পক্ষে